الحسان على صحيح ابن حبان



সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১৮৪০

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ইমামের পিছনে মুক্তাদীর জোরে কিরা'আত পড়ার ব্যাপারে ধমকী

ذِكْرُ الزَّجْرِ عَنْ رَفْعِ الصَّوْتِ بِالْقِرَاءَةِ لِلْمَأْمُومِ خلف إمامه

আরবী

1840 _ أَخْبَرَنَا ابْنُ قُتَيْبَةَ قَالَ: حَدَّثَنَا يَزِيدُ بْنُ هَارُونَ قَالَ: حَدَّثَنِي اللَّيْثُ عَنِ ابْنِ شِهَابٍ عَنِ ابْنِ أُكيمة عَنْ أَبِي هُرَيْرَةَ أَنَّهُ قَالَ: صَلَّى لَنَا رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ صَلَاةً فَجَهَرَ فِيهَا فَلَمَّا انْصَرَفَ اسْتَقْبَلَ النَّاسَ فَقَالَ: (لأقول ما لي أنازع القرآن) (هَلْ قَرَأُ آنِفًا مِنْكُمْ أَحَدٌ)؟ قَالُوا: نَعَمْ يَا رَسُولَ اللَّهِ فَقَالَ: (لأقول ما لي أنازع القرآن) الراوى: أَبُو هُرَيْرَةَ ا المحدث: العلامة ناصر الدين الألباني ا المصدر: التعليقات

الصفحة أو الرقم: 1840 | خلاصة حكم المحدث: صحيح ـ ((صفة الصلاة))، و ((صحيح أبي داود)) (781).

বাংলা

১৮৪০. আবৃ হুরাইরা রাদ্মিাল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, "রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম একবার আমাদের নিয়ে এক সালাত আদায় করেন, অতঃপর তিনি তাতে কিরা'আত জোরে পড়েন, যখন তিনি সালাম ফেরান, তখন লোকদের তিনি লোকদের মুখোমুখি হন এবং বলেন, "এক্ষুনি তোমাদের মধ্যে কেউ কিরা'আত পাঠ করেছে কি?" লোকজন বললো, "হাাঁ, হে আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম।" রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন, "তাইতো বলছি, কী ব্যাপার! কুরআনে পাঠে আমার সাথে প্রতিদ্বন্দিতা করা হচ্ছে !"[1]

ফুটনোট

[1] ইমাম বুখারী, আল কিরা'আতু খলফাল ইমাম: ৯৮ পৃষ্ঠা; সুনান বাইহাকী: ৩১৮-৩১৯; মুসান্নাফ্ ইবনু আবী শায়বাহ: ১/৩৭৫; ইবনু মাজাহ: ৮৪৮; বাইহাকী, আল কিরা'আতু খলফাল ইমাম: ৩২১; মুসনাদ আহমাদ:



২/২৮৫; মুসান্নাফ আব্দুর রাযযাক: ২৭৯৬।

আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (আত তা'লীকুর রাগীব: ২/২২৬।)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন